MAY 31 2001

তারিখ ...
পৃষ্ঠা ৭ ...

ভোরের কাগজ

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের তুঘলকি কাণ্ড

গাজীপুর প্রতিনিধি : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ১০টি টেকনিক্যাল ইনস্টিটিটের বিএসসি অনার্স-ইন-কম্পিউটার সায়েন্স প্রথম বর্ষের পরীক্ষার ৫২০টি খাতা মূল্যায়ন করতে সময় লেগেছে পুরো ১০ মাস। অথচ ঐ পরীক্ষায় ফেল করা ৪৩ ভাগ পরীক্ষার্থীকে পুনরায় পরীক্ষায় অংশগ্রহণের সময় দেওয়া হয়েছে মাত্র ১৮ দিন। গত সোমবার ঐ পরীক্ষার ফল প্রকাশিত হলে অকৃতকার্য পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ প্রদর্শন করে।

বিক্ষোভরত ছাত্রছাত্রীরা জানায়, গত বছরের ২৯ জুলাই তাদের প্রথম বর্ষের পরীক্ষা শেষ হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমতি সাপেক্ষ তারা দ্বিতীয় বর্ষের ক্লাস শুরু করে এবং আগামী ৭ জুলাই অনুষ্ঠিতব্য একই বর্ষের পরীক্ষার প্রস্তুতি নিতে থাকে। কিন্তু গত সোমবার প্রথম বর্ষের পরীক্ষার ফল প্রকাশিত হয়। এতে ৪৩ ভাগ পরীক্ষার্থী অকৃতকার্য হয়।

এদিকে আগামী ১৬ জুন প্রথম বর্ষের পরীক্ষা শুরু হতে যাচ্ছে। আগের পরীক্ষায় অকৃতকার্য হওয়া পরীক্ষার্থীদেরও এ পরীক্ষায় অংশ নিতে হবে। ছাত্রছাত্রীরা জানায়, মাত্র ১৮ দিনের প্রস্তুতিতে সাত বিষয়ে ৮০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ প্রায় অসম্ভব। গত পরীক্ষার ফল আগে প্রকাশিত হলে তারা এ পরীক্ষার প্রস্তুতি নিতে আরো বেশি সময় পেতো। এখন দ্বিতীয় বর্ষের পরীক্ষার প্রস্তুতি নিতেও তারা সময় পাবে না। অকৃতকার্য ছাত্রছাত্রীরা আরো জানায়, গত বছর পর্যন্ত দ্বিউরি ৪৮০ নম্বরের পরীক্ষায় পাস নম্বর ছিল ১২০, এ বছর বিনা নোটিশে তা বাড়িয়ে করা হয়েছে ১৫৮।